গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার ডিসেম্বর-২০২১ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা স্বজন কুমার তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ঃ ২১/১২/২০২১ খ্রি.।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' )

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচি মতে সভার কার্যক্রম শুরু করেন এবং নিম্নরূপে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার নভেম্বর-২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। কার্য বিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত ও গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা। |
| ২ | উপজেলা পরিষদে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও গ্রাম পুলিশ মহল্লাদার পদে নিয়োগ অনুমোদন সংক্রান্ত ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, উপজেলা পরিষদে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও ইউনিয়ন ভিত্তিক গ্রাম পুলিশপদে নিয়োগ প্রদান করা হয়। নিয়োগকৃত সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও মহল্লাদার/দফাদার পদে নিয়োগ প্রাপ্ত হয়ে মহল্লাদার/দফাদার স্ব-স্ব যোগদান করেছেন। বিস্তারিত আলোচনায় স্ব-স্ব পদে নিয়োগ প্রাপ্তদের যোগদান গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা পরিষদে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও ইউনিয়ন ভিত্তিক মহল্লাদার/দফাদার পদে যোগদানকৃতদের যোগদানপত্র সভায় সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান। |
| ৩ | ইউনিয়ন ভূমি অফিস সংস্কার মেরামত সংক্রান্ত ঃ<br>সহকারী কমিশনা(ভূমি), রাঙ্গুনিয়া সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, পদুয়া ইউনিয়ন ভূমি অফিস বাউন্ডারি ওয়াল না থাকার ফলে দীর্ঘদিন হতে নিরাপত্তাহীনতায় রয়েছে। তাছাড়াও দীঘদিন হতে সংস্কার মেরামত না হওয়ায় বর্তমানে জরাজীর্ণ প্রায় এবং সুপেয় পানি অভাব রয়েছে। তিনি সুপেয় পানির জন্য ভূমি অফিসের অভ্যন্তরে ১ টি গভীর নলকূপ স্থাপন এবং বাউন্ডারি ওয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | পদুয়া ইউনিয়ন ভূমি অফিসের বাউন্ডারি ওয়াল নির্মাণ ও গভীর নলকূপ স্থাপনের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী ও উপ-সহ প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাঙ্গুনিয়া |
| ৪ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ<br>উপজেলা প্রকৌশলী জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বিভাগীয় কার্যক্রমের মধ্যে ১) প্যাকেজ নং-১ এ রাজানগর, ইসলামপুর ২) প্যাকেজ নং-৫ পোমরা, পারুয়া ৩) প্যাকেজ নং-৭ এ বেতাগী ও সরফভাটা ৩ টি প্যাকেজের কার্যক্রমের মধ্যে প্রকল্প সমূহের কাজ ১০০% সম্পন্ন করা হয়।সরফভাটা ইউনিয়নে সিংগাপুর মার্কেট থেকে মগপাড়া রাস্তা পর্যন্ত কানেকটিভিটি সড়কে D.P.P রাস্তার জায়গা সংকুলান না হওয়ায় সমস্যা সমাধানে কার্যক্রম চলমান। চলতি ২০২১-২২ অর্থ বছরে অসম্পন্ন কার্যক্রম সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত আছে। জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন-করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে | স্বাস্থ্য বিধি মেনে বিভাগীয় কার্য- ক্রম সুষ্ঠভাবে | স্বাস্থ্য বিভাগ ও |

CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | অব্যাহত আছে। তিনি তার বিভাগের পক্ষ থেকে করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা এবং জনসচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রাখার জন্য সকল জনপ্রতিনিধিদের আন্তরিক আহ্বান জানান। | করোনা ভাইরাস টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণের প্রচেষ্টা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৬ | **উপজেলা পঃ পঃ বিভাগ ঃ**<br>সহকারী উপজেলা পঃপঃ কর্মকর্তার প্রতিনিধি জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ক্লিনিক সমূহে মা ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম অব্যহত আছে। নভেম্বর/২০২১ মাসে ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র সমূহে ইমপ্লান্ট- ৬৭, আইইউডি- ৩২, স্থায়ী পদ্ধতি পুরুষ-৫, স্থায়ী পদ্ধতি নারী- ৬ দীর্ঘ মেয়াদী স্থায়ী পদ্ধতি হিসাবে সেবা প্রদান করা হয়। উপজেলায় ইনফ্লানন আওতায় ৬৭ জনকে আনা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পারিচাল-না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ৭ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, চলতি ২০২১-২২ অর্থ বছরের টিআর/কাবিখা প্রাপ্ত বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের কার্যক্রম চলমান। তিনি বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে আহ্বান জানান। | বরাদ্দকৃত অর্থে গৃহীত প্রকল্প সমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সর্ব-সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৮ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এনএটিপি প্রকল্পের আওতায় ৭টি ব্যাচে প্রতি ব্যাচে ৩০ জন করে খামারী প্রশিক্ষণ প্রদান করা হয়। ভেটেরিনারী পাবলিক হেলথ প্রকল্পের আওতায় ৩০ জন কসাইকে প্রশিক্ষণ প্রদান করা হয়। লাইভস্টক ডেইরী ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় ৪ জন খামারীকে ক্রিম সেপারেটর মেশিন প্রদান করা হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন-করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাঙ্গুনিয়া |
| ৯ | **উপজেলা কৃষি অফিস ঃ**<br>কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জানান, চলতি মৌসুমে ১৫৪৫৫ হেঃ জমিতে আমন চাষাবাদের লক্ষ্যমাত্রার অতিরিক্ত ফসল উৎপাদিত হবে। কাঙ্ক্ষিত ফসল পাওয়ার জন্য কৃষকদের প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদান করা হচ্ছে। কৃষকগণকে প্রণোদনা দেয়ার কার্যক্রম চলমান। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন-সহ কৃষি উৎপাদনে সহায়তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ১০ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ছুটিতে আছেন। পরবর্তী সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানানোর জন্য অনুরোধ করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন-করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ১২ | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ১) ক্যানসার/দুরারোগ্য ব্যাধি আক্রান্তদের ২৮ জন ২) পল্লী সমাজ সেবা ক্ষুদ্র ঋণের আওতায় ৪৯ জন ৩) পল্লী মাতৃ কেন্দ্রের আওতায় ৩০ জনকে অর্থ প্রদান করা হয়। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা রাঙ্গুনিয়া। |
| ১৩ | **উপজেলা মৎস্য অফিস ঃ**<br>বিভাগীয় কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেলো না। পরবর্তী সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানানোর জন্য অনুরোধ করা হয়। | পরবর্তী সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে উপস্থাপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ১৪ | **উপজেলা খাদ্য অফিস ঃ**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলায় খাদ্য ঘাটটি নেই। খাদ্য মজুদ সন্তোষজনক। চলতি মৌসুমে ধান ক্রয়/সংগ্রহ কার্যক্রম চলমান। তিনি কৃষককে ধান বিক্রির | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্ত-বায়নসহ খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় কৃষকগণ ধান বিক্রির ন্যায্যমূল্য পাওয়ার বিষয়ে যথাযথ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল। |



CamScanner

| ক্রঃনং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৪ | জন্য উদ্বুদ্ধকরণের জন্য জন প্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করেন। ধান সংগ্রহ ও ক্রয়ের বিস্তারিত আলোচনায় ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ কৃষকগণ যাতে ধান বিক্রয়ের ন্যায্য মূল্য পান সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক এইচএসসি/আলীম পরীক্ষা-২০২১ ও এসএসসি ভকেশনাল ও দাখিল ভকেশনাল পরীক্ষা-২০২১ সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়। পরীক্ষা সমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় তিনি সংশ্লিষ্ট সকলের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করনে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | -উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ১৬ | **উপজেলা শিক্ষা বিভাগ ঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। সরকারী নির্দেশনা মতে প্রাথমিক শিক্ষা কার্যক্রম উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত আছে। এলজিইডি ও জনস্বাস্থ্য বিভাগ যৌথ উদ্যোগে প্রাথমিক বিদ্যালয় সমূহে ওয়াস ব্লক নির্মাণ করে দেয়ায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুষ্ঠ পরিবেশ গড়ে উঠছে। তিনি সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে সম্পন্ন-করণে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ১৭ | **উপজেলা সমবায় বিভাগ ঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলছে। নিবন্ধনকৃত সমিতি সমূহের কার্যক্রম মনিটরিং করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন-করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ১৮ | **উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর ঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। যুবক/যুবতীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য বিভাগীয় ব্যবস্থা রয়েছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন-করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ১৯ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা রাঙ্গুনিয়া। |
| ২০ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। সরকারী নির্দেশনা মতে মুজিববর্ষ উপলক্ষ্যে নিরাপদ পানি সরবরাহে ১৫ টি নলকূপ স্থাপন করা হয়। চলতি অর্থ বছরে বরাদ্দকৃত নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকর-ণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, রাঙ্গুনিয়া। |
| ২১ | **উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে তিনি বিভাগীয় কার্যক্রম সম্পন্নকরণে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন-করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২২ | **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিভাগীয় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২৩ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। বিভাগীয় ঋণ প্রদান ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাঙ্গুনিয়া। |
| ২৪ | **বন বিভাগঃ**<br>রাঙ্গুনিয়া রেঞ্জ কর্মকর্তা হাতি সংরক্ষণের বিষয়ে বিস্তারিত আলোচনায় জানান, উপজেলার শিলক ইউনিয়নে তৈলাভাঙা, পাঁচটিক্কা, হিজলতলী ব্রিজ থেকে বনাঘোনা, তালকদার ঘোনা ও কালাবোরো ঘোনা এলাকায় হাতি মারার জন্য বৈদ্যুতিক তারের মাধ্যমে ফাঁদপাতা হয়েছে মর্মে সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়। বন্য হাতি দ্বারা ফসল/ঘরবাড়ী ক্ষতিপূরণ বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) আঘাত জনিত ক্ষতিপূরণ বাবদ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করণ -সহ বন্য-হাতি সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল। |



CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২৪ | ১,০০,০০০/- (এক লক্ষ), মৃত্যুজনিত ক্ষতিপূরণ বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা প্রদানে সরকার ঘোষণা করেছে। বন্য হাতি বিচরণ এলাকায় বিদ্যুৎ/জেনারেটর/চার্জার দ্বারা পানিবাহি কোন প্রকার তার দ্বারা বন্য-হাতি হত্যা না করার জন্য সংশ্লিষ্টদের মাঝে জনসচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানান। চেয়ারম্যান শিলক বন্য-হাতি সংরক্ষণে সরকার কর্তৃক যে বরাদ্দ রয়েছে, সে বরাদ্দকৃত অর্থ দ্বারা বন্য-হাতি সরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বন বিভাগের কর্তৃপক্ষকে আহ্বান জানান। | | |
| ২৫ | **চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ রাঙ্গুনিয়া জোনাল অফিস ঃ** উপস্থিত প্রতিনিধি জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের কার্যক্রম অব্যাহত আছে। প্রতিনিয়ত বিদ্যুতের ট্রান্সফরমার চুরির ঘটনা ঘটছে। তিনি চুরি কাজে ভাঙ্গারি ব্যবসায়ীরা জড়িত আছে মত প্রকাশ করেন। শিলক/বেতাগী ও পোমরা ইউনিয়নে চুরির ঘটনা বেশি ঘটছে মর্মে জানান। চুরি রোধে তিনি পুলিশ বিভাগের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সম্পন্ন করণসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ ট্রান্সফরমার চুরি বন্ধে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম, ডিজিএম, রাঙ্গুনিয়া জোনাল অফিস, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ রাঙ্গুনিয়া ও সংশ্লিষ্ট সকল। |
| ২৬ | উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে কর্মরত ইউডিএফ এর চেয়ার ও টেবিল না থাকায় কর্মরত ইউপিএফ এর জন্য চেয়ার ও টেবিল ক্রয় করা হয়। বর্তমানে ক্রয়কৃত মালামালের বিল বাবদ ১৫,০০০/(পনের হাজার) টাকা পরিশোধের অপেক্ষায় রয়েছে। উক্ত অপরিশোধিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের প্রস্তাব করা হলে উহা সর্বসম্মতক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ইউডিএফ এর জন্য ক্রয়কৃত মালামালের বিল বাবদ ১৫,০০০/(পনের হাজার) টাকা প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ চলতি অর্থ বছরে উপজেলায় যাতে উন্নয়ন কার্যক্রম ব্যহত না হয় সে বিষয়ে সতর্ক নজর রাখাসহ চুরি, ডাকাতি বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কর্মকর্তাগণকে আহ্বান জানান। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

বীর মুক্তিযোদ্ধা স্বজন কুমার তালুকদার
চেয়ারম্যান ও সভাপতি
উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৬.০০৫.২০২১-১১১৭

তারিখ: ৬ পৌষ, ১৪২৮ বাংলা। / ২১ ডিসেম্বর, ২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
৪। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।

(১-৪) সদয় অবগতির জন্য।

৫। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৬। উপজেলা ..........................................................................................কর্মকর্তা (সকল) রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, ................................ ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। জনাব ........................................................................................ রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। অফিস নথি।

২১/১২/২০২১

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ই-মেইল ঃ unorangunia@mopa.gov.bd

CamScanner